



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
(Website: www.bteb.gov.bd)



স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৪১.০০৩.১৩.৩৩৮

তারিখ: ১৯-০৯-২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত জাতীয় দক্ষতামান বেসিক সার্টিফিকেট কোর্স (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের জুলাই-সেপ্টেম্বর, ২০২২ (৩ মাস মেয়াদী) ও জুলাই-ডিসেম্বর ২০২২ (৬ মাস মেয়াদী) ভর্তিকৃত শিক্ষার্থীদের Online এ রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানদের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(১) জাতীয় দক্ষতামান বেসিক সার্টিফিকেট কোর্স (৩৬০ ঘন্টা) (কারিকুলাম কোড: ৩০)

জুলাই-সেপ্টেম্বর: ২০২২ (৩ মাস মেয়াদী), জুলাই-ডিসেম্বর ২০২২ (৬ মাস মেয়াদী)

(ক) Online এ ডাটা এন্ট্রির সময়সূচি: ২০-০৯-২০২২ থেকে ০৪-১০-২০২২ খ্রি. পর্যন্ত।

(খ) রেজিস্ট্রেশন ফি এর টাকা ০৬-১০-২০২২ থেকে ১৬-১০-২০২২ এর মধ্যে সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে রেজিস্ট্রেশন করার পর পরিশোধ করতে হবে।

(খ) হার্ড কপি প্রিন্ট করার তারিখ: ১৮-১০-২০২২ থেকে ২৩-১০-২০২২ খ্রি. পর্যন্ত। রেজিস্ট্রেশন ফি পরিশোধের পর হার্ড কপি প্রিন্ট করা যাবে।

ফিসের বিবরণ: রেজিস্ট্রেশন ফি ৫০.০০ টাকা, পরীক্ষার ফি ৩০০.০০ টাকা, সনদপত্র ফি ১০০.০০ টাকাসহ সর্বমোট ৪৫০.০০ টাকা প্রতি শিক্ষার্থী।

(২) রেজিস্ট্রেশন করার লিংকঃ

bteb.gov.bd ওয়েব সাইটের “রেজিস্ট্রেশন” ব্লকের “সুল্ল মেয়াদী ও অন্যান্য” লিংকের পর “Basic Trade & Advance Certificate/Certificate Course Online Registrstion” লিংকের মাধ্যমে প্রতিষ্ঠান লগ ইন করে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

(৩) ২০২১-২২ অর্থ বছর পর্যন্ত প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন ফি পরিশোধের প্রমাণপত্রের ফটোকপি জমা দিতে হবে।

(৪) নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্য সম্পন্ন করতে না পারলে সমুদয় দায় প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।

(৫) প্রতি ট্রেডে আসন সংখ্যা হবে ৫০ (পঞ্চাশ) জন। এর মধ্যে মূল আসন ৪০ (চল্লিশ) জন এবং ড্রপআউট ১০ (দশ) জন। প্রতি ট্রেডে শিক্ষার্থীর সংখ্যা ০৫ (পাঁচ) জনের কম হলে উক্ত তথ্য স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

(৬) রেজিস্ট্রেশন কার্ড উত্তোলনের সিডিউল পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)

সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

তারিখ: ১৯-০৯-২০২২ খ্রি.

স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৩৯.০০৩.১৩.৩৩৮ (০৯)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১-৫. পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ সহ)।

৭. শর্ট কোর্স, পরীক্ষা শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৮. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৯. সংশ্লিষ্ট নথি।

(প্রকৌশলী মোঃ আব্দুল হান্নান)

উপ সচিব (রেজিস্ট্রেশন)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৫০০৬৫৩৬